



পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়



www.iau.edu.bd iau.exam@gmail.com

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।

স্মারক নং-ইআবি/পনি./কা.মা.প/ ১২২৮

তারিখ: ১৭-০৬-২০১৯


## কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) পরীক্ষা-২০১৬ এর মৌখিক পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) পরীক্ষা-২০১৬ এর কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা, পরীক্ষক ও ছাত্র-ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৪/০৬/২০১৯ হতে ৩০/০৭/২০১৯ খ্রি. তারিখের মধ্যে কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) পরীক্ষা-২০১৬ এর মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। মৌখিক পরীক্ষায় মনোনীত পরীক্ষকদের বিশ্ববিদ্যালয় হতে পত্র প্রেরণ ও মোবাইল মারফত জানানো হবে। মনোনীত পরীক্ষকগণ নির্ধারিত পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার সাথে যোগাযোগ করে উক্ত সময়ের মধ্যে পরীক্ষার তারিখ নির্ধারণ করবেন।

অতএব, সংশ্লিষ্ট সকল পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ ৩০/০৭/২০১৯ খ্রি. তারিখের মধ্যে পরীক্ষা সম্পন্ন করে মৌখিক পরীক্ষার নম্বর তাৎক্ষণিক ওয়েবসাইটের মাধ্যমে সফটওয়্যারে ইনপুট দেয়ার ব্যবস্থা গ্রহণ করবেন। সফটওয়্যার থেকে প্রাপ্ত প্রিন্ট কপিতে পরীক্ষক ও কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার সাক্ষর ও সীলমোহর গ্রহণপূর্বক সংরক্ষণ করবেন এবং এক কপি ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়-এর পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর পৌঁছানোর জন্য অনুরোধ করা হলো।

নির্দেশিকা:

- বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট center.iau.edu.bd এ প্রবেশ করুন।
- প্রবেশ করার পর অবশ্যই "তথ্য লিপিবদ্ধকরণের নির্দেশিকা" বাটনে ক্লিক করুন এবং নির্দেশিকা অনুসরণ করুন।
- Login করার জন্য প্রত্যেক কেন্দ্র তার নিজস্ব মাদরাসার EIIN ও Password ব্যবহার করুন।
- পরীক্ষা শেষ হওয়ার ৭ দিনের মধ্যে অবশ্যই মৌখিক এবং টিউটোরিয়াল পরীক্ষার্থীদের তালিকা লিপিবদ্ধ করতে হবে।
- লিপিবদ্ধ করা শেষ হলে Final Lock বাটনে ক্লিক করে Print করুন।




প্রফেসর সিরাজ উদ্দিন আহমাদ  
পরীক্ষা নিয়ন্ত্রক

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

স্মারক নং- ইআবি/পনি./কা.মা.প/১২২৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১. ডীন, শিক্ষা বিষয়ক কেন্দ্র, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩. অধ্যক্ষ, সকল কামিল মাস্টার্স মাদরাসা (১ বছর মেয়াদী)।
৪. সকল ভারপ্রাপ্ত কর্মকর্তা, কামিল মাস্টার্স পরীক্ষা-২০১৬।
৫. উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৬. ট্রেজারার মহোদয়ের একান্ত সচিব, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৭. আই.সি.টি. শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৮. অফিস কপি।



সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।